দৈনিক ইনকিলাব

FEB. 28 2001

# ঢাঃবিঃ ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ নিশ্চিত করতে কর্মসূচী পালন করা হবে

ছাত্রদল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ জাতীয়তাবাদী ছাত্রদল আগামীকাল (বৃহস্পতিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসির নিকট স্মারকলিপি প্রদান ও আগামী শনিবার ভিসির কার্যালয়ের সম্মুখে অবস্থান ধর্মঘট করবে। ছাত্রদল সভাপতি নাসির উদ্দীন আহাম্মেদ পিন্টুসহ নেতৃবৃন্দের নামে দায়েরকৃত ষড়যন্ত্রমূলক মামলা প্রত্যাহার, গ্রেফতারকৃতদের মুক্তি এবং বিশ্ববিদ্যালয়ের চিহ্নিত সন্ত্রাসীদের গ্রেফতার করে ক্যাম্পাসে শান্তিপূর্ণ অবস্থান ও শিক্ষার পরিবেশ নিশ্চিত করার দাবীতে ছাত্রদল এ কর্মসূচী পালন করবে। গতকাল (মঙ্গলবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এ কর্মসূচী ঘোষণা করা হয়। এতে লিখিত বক্তব্য পাঠ করেন বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক মোস্তাফিজুল ইসলাম মামুন। সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন ছাত্রদল সভাপতি নাসির উদ্দীন আহাম্মেদ পিন্টু, সাংগঠনিক সম্পাদক এ বি এম মোশাররফ হোসেন, বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেন। আরো উপস্থিত ছিলেন ছাত্রদল নেতা তরিকুল ইসলাম বনি, রকিবুল ইসলাম বকুল, সুলতান সালাউদ্দিন টুকু, রেহেনা আক্তার রানু, আব্দুল বারী ড্যানি, ফরহাদ হোসেন আজাদ, শফিউল বারী বাবু, শামসুজ্জামান মেহেদী, সেলিমুজ্জামান সেলিম, শহীদুল ইসলাম বাবুল, মোস্তফা খান সফরী, আলী আশরাফ, শাহ রেজা পাহলবী মাসুম, হায়দার আলী লেলিন, নুরুল ইসলাম নয়ন, রোখসানা খানম মিতুয়া, শাম্মী আক্তার প্রমুখ।

সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্যে বলা হয়, সকল প্রকার অত্যাচার-নির্যাতন ও দুঃশাসনের বিরুদ্ধে প্রতিবাদ করার কারণেই সরকার, মুজিববাদী ছাত্রলীগ ও বিশ্ববিদ্যালয় প্রশাসনের ত্রিমুখী ষড়যন্ত্র ও টার্গেটের শিকার হয়েছে ছাত্রদল। ইতিপূর্বে বহুবার বিশ্ববিদ্যালয় প্রশাসন ও সরকারকে ক্যাম্পাসের পরিস্থিতি উত্তরণে বার বার আহ্বান জানানো সত্ত্বেও তাদের নির্যাতন দিন দিন বেড়েই চলছে। ইতোমধ্যে বোমা মেরে ছাত্রদল সভাপতি পিন্টুকে হত্যার ঘৃণ্য প্রচেষ্টা চালানো হয়েছে। উল্টো তার বিরুদ্ধে মিথ্যা মামলা দায়ের করা হয়েছে। জননিরাপত্তা আইনে মিথ্যা মামলা দেয়া হয়েছে, বিশ্ববিদ্যালয়ের শীর্ষ নেতৃবৃন্দের নামে। গ্রেফতারকৃত অবস্থায় আছে অসংখ্য নেতা-কর্মী। বক্তাগণ বলেন, সকল নির্যাতন উপেক্ষা করে ছাত্রদল ছাত্রসমাজকে সাথে নিয়ে চলমান আন্দোলনকে কাঙ্ক্ষিত লক্ষ্যে নিয়ে যেতে হবে।

সাংবাদিক সম্মেলনে কর্মসূচী ঘোষণা করে নেতৃবৃন্দ বলেন, তারপরও দাবীনামা বাস্তবায়িত না হলে ঈদের পর বৃহত্তর কর্মসূচীর মাধ্যমে ছাত্রদলের দাবী আদায় করা হবে।

সাংবাদিক সম্মেলনে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে ছাত্রদল সভাপতি নাসিরউদ্দিন আহমেদ পিন্টু জানান, আসন্ন ঈদ-উল-আযহার পূর্বেই ছাত্রদলের পূর্ণাঙ্গ কেন্দ্রীয় কমিটি গঠন করা হবে।